



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

[www.bb.org.bd](http://www.bb.org.bd)

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

১৮ শ্রাবণ ১৪২৯

তারিখঃ

০২ আগস্ট ২০২২

ডিএফআইএম সার্কুলার লেটার নং-১৮

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক

বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

“জাতীয় শোক দিবস ২০২২” উপলক্ষ্যে কর্মসূচি বাস্তবায়ন প্রসঙ্গে।

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদৎ বার্ষিকীতে “জাতীয় শোক দিবস ২০২২” উপলক্ষ্যে স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণপূর্বক সামাজিক দূরত্ব বজায় রেখে নিম্নোক্ত কর্মসূচি বাস্তবায়নের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো:

ক) ১৫ আগস্ট ২০২২ তারিখে আর্থিক প্রতিষ্ঠানের ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে এবং কালো

ব্যাজ ধারণ কর্মসূচী পালন করতে হবে;

খ) আর্থিক প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়/অফিস প্রাঙ্গনে বিশেষ ব্যানার/ফেস্টুন স্থাপন এবং ১৫ আগস্ট ২০২২ তারিখে

শ্রদ্ধা নিবেদনের ব্যবস্থা করতে হবে;

গ) আর্থিক প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের সভার আলোচ্যসূচীতে জাতীয় শোক দিবস পালনের বিষয় অন্তর্ভুক্ত করে

গুরুত্বসহকারে আলোচনাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ঘ) স্বীয় প্রতিষ্ঠানের সক্ষমতা বিবেচনাপূর্বক মানবিক সহায়তা/খাদ্য সহায়তা সামগ্রী প্রদান করতে হবে;

ঙ) আর্থিক প্রতিষ্ঠানের নিজস্ব কর্মপরিকল্পনা অনুযায়ী নিজ কার্যালয়ে বা সুবিধাজনক স্থানে বৃক্ষরোপণ করতে হবে

এবং তা সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

চ) বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপরে ১৫ আগস্ট ২০২২ তারিখ বা সুবিধাজনক তারিখ ও সময়ে ভারুয়াল আলোচনা

সভা আয়োজন করতে হবে; এবং

ছ) আয়োজিত সকল অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ করত তা আর্থিক প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েবসাইটে প্রদর্শন নিশ্চিত

করতে হবে।

২। আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে

কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ জুলকার নায়েন)

পরিচালক (ডিএফআইএম)

ফোনঃ ৯৫৩০১৭৮